KUAA
Khulna University
Alumni Association

নির্বাচনী ইশতেহার ২০২৬

আমরা খুবি'য়ান, এক আত্মার বন্ধন

PRESIDENT CANDIDATE

FAZLE REZA SUMON

Urban Planner · Founder General Secretary, KUAA



ভূমিকা

প্রিয় খুবি'য়ান,

আগামী ২০ নভেম্বর অনুষ্ঠিতব্য KUAA কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে আমি একজন প্রার্থী। এই নির্বাচন শুধু নেতৃত্ব নির্বাচনের উপলক্ষ নয়, বরং আমাদের প্রিয় সংগঠনকে আরও ঐক্যবদ্ধ, কার্যকর ও কল্যাণমুখী করে গড়ে তোলার একটি সুযোগ।

আমি বিশ্বাস করি, KUAA কোনো ব্যক্তি বা গোষ্ঠীর সংগঠন নয়, এটি সকল খুবি'য়ানের সম্মিলিত পরিবার। কার্যনির্বাহী পরিষদও একক সিদ্ধান্ত বাস্তবায়নের জায়গা নয়; এটি পারস্পরিক শ্রদ্ধা, সহযোগিতা ও সম্মিলিত উদ্যোগে কাজ করার একটি প্ল্যাটফর্ম।

এই বিশ্বাস থেকেই ব্যক্তিগত প্রতিশ্রুতির পরিবর্তে 'আমরা' শব্দটিকে সামনে রেখে আগামী দিনের জন্য সাতটি অগ্রাধিকারমূলক ভাবনা তুলে ধরছি।

আমাদের ৭টি অগ্রাধিকারমূলক অঙ্গীকার

১ ঐক্যবদ্ধ ও অন্তর্ভুক্তিমূলক KUAA

দল, মত, ব্যাচ, ডিসিপ্লিন ও পেশার ভিন্নতা ভুলে KUAA-কে একটি অরাজনৈতিক, সবার জন্য উন্মুক্ত ও সম্প্রীতিপূর্ণ সংগঠন হিসেবে গড়ে তোলা। নির্বাচন শেষে সকল প্রার্থী ও আগ্রহী এলামনাইকে সাংগঠনিক কার্যক্রমে সম্পৃক্ত করা এবং নিয়মিত পারিবারিক, ক্রীড়া ও সাংস্কৃতিক আয়োজনের মাধ্যমে পারস্পরিক বন্ধন সুদৃঢ় করা।

ফজলে রেজা সুমন · সভাপতি পদপ্রার্থী

নির্বাচনী ইশতেহার ২০২৬

KUAA Khulna University Alumni Association

আমাদের ৭টি অগ্রাধিকারমূলক অঙ্গীকার (২–৭)

২ ক্যারিয়ার উন্নয়ন ও উদ্যোক্তা সহযোগিতা

নবীন গ্র্যাজুয়েটদের জন্য ক্যারিয়ার কাউন্সেলিং, জব ফেয়ার, ইন্টার্নশিপ ও মেন্টরশিপ প্রোগ্রাম চালু করা। পাশাপাশি খুবি'য়ান উদ্যোক্তা ও পেশাজীবীদের মধ্যে ব্যবসায়িক যোগাযোগ, সহযোগিতা এবং বিদেশে উচ্চশিক্ষা ও গবেষণার দিকনির্দেশনার সুযোগ তৈরি করা।

৩ কল্যাণ তহবিল ও মানবিক ও আইনি সহায়তা

বিপদগ্রস্ত খুবি'য়ানদের পাশে দাঁড়াতে স্বচ্ছ ও টেকসই কল্যাণ তহবিল গঠন, আইনসম্মত ও নিরাপদ বিনিয়োগ কাঠামোর সম্ভাবনা যাচাই, দেশব্যাপী ব্লাড ডোনার নেটওয়ার্ক তৈরি এবং মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের জন্য KUAA শিক্ষাবৃত্তি চালুর উদ্যোগ। KUAA-এর সাংগঠনিক কাঠামোর অধীনে একটি বিশেষায়িত পেশাজীবী প্ল্যাটফর্ম হিসেবে 'KUAA Legal Affairs Wing' গঠনের প্রস্তাব ও খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ও তাঁদের পরিবারের সদস্যদের প্রয়োজন অনুযায়ী প্রাথমিক আইনগত দিকনির্দেশনা, পরামর্শ এবং উপযুক্ত আইনজীবীর সঙ্গে যোগাযোগের সুযোগ সৃষ্টি করা।

৪ ঢাকায় KUAA-এর নিজস্ব কার্যালয় ও অতিথিকক্ষ

এলামনাইদের যোগাযোগ, সাংগঠনিক কার্যক্রম ও পারস্পরিক সহযোগিতার কেন্দ্র হিসেবে ঢাকায় একটি স্থায়ী কার্যালয় প্রতিষ্ঠা। পাশাপাশি বিভিন্ন প্রয়োজনে ঢাকায় আগত খুবি'য়ানদের জন্য নিরাপদ ও সাশ্রয়ী অতিথিকক্ষ গড়ে তোলা।

৫ ডিজিটাল KUAA ও বৈশ্বিক নেটওয়ার্ক

সদস্যদের তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করে কেন্দ্রীয় এলামনাই ডাটাবেজ, আধুনিক মোবাইল অ্যাপ ও KUAA Job Portal তৈরি। দেশের বিভিন্ন অঞ্চলে এবং বিদেশে এলামনাই চ্যাপ্টার গঠন ও সক্রিয়করণের মাধ্যমে বিশ্বব্যাপী খুবি'য়ানদের একটি কার্যকর নেটওয়ার্ক গড়ে তোলা।

৬ খুলনা বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অবদান

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনে এলামনাইদের দক্ষতা ও অভিজ্ঞতাকে কাজে লাগানো, দেশি-বিদেশি শিল্পপ্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতার সুযোগ তৈরি এবং প্রিয় বিশ্ববিদ্যালয়ের ইতিহাস, ঐতিহ্য ও অর্জন সংরক্ষণে উদ্যোগ গ্রহণ।

৭ স্বচ্ছতা, জবাবদিহিতা ও সদস্যদের অধিকার

সংগঠনের আয়-ব্যয়ের হিসাব ও স্বাধীন অডিট প্রতিবেদন সদস্যদের জন্য উন্মুক্ত রাখা, নিয়মিত কাজের অগ্রগতি প্রকাশ এবং প্রতিটি সিদ্ধান্তে গঠনতন্ত্র, ন্যায়সংগত আচরণ ও সদস্যদের মতামতকে গুরুত্ব দেওয়া।

ফজলে রেজা সুমন · সভাপতি পদপ্রার্থী

নির্বাচনী ইশতেহার ২০২৬

KUAA Khulna University Alumni Association

বাস্তবায়নের পরিকল্পনা

প্রথম ১০০ দিন বিষয়ভিত্তিক উপকমিটি গঠন, কেন্দ্রীয় ডাটাবেজের কাজ শুরু, কল্যাণ তহবিলের নীতিমালা প্রণয়ন ও ব্লাড ডোনার নেটওয়ার্ক চালুর উদ্যোগ।

প্রথম বছর ঢাকায় কার্যালয় স্থাপনের প্রক্রিয়া শুরু, ক্যারিয়ার ও মেন্টরশিপ কার্যক্রম, শিক্ষাবৃত্তি এবং দেশ-বিদেশে এলামনাই চ্যাপ্টার সক্রিয়করণ।

২ থেকে ৩ বছর আর্থিক সক্ষমতা ও প্রয়োজনীয় অনুমোদন সাপেক্ষে স্থায়ী কার্যালয় ও অতিথিকক্ষ প্রতিষ্ঠা, পূর্ণাঙ্গ ডিজিটাল সেবা এবং টেকসই কল্যাণ তহবিল ও আন্তর্জাতিক নেটওয়ার্ক সম্প্রসারণ।

সকল কার্যক্রম KUAA-এর গঠনতন্ত্র, প্রচলিত আইন, আর্থিক সামর্থ্য ও সদস্যদের সম্মিলিত অংশগ্রহণের ভিত্তিতে বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে।

শেষ কথা

প্রিয় খুবি'য়ান,

নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা থাকবে, মতের ভিন্নতা থাকবে। কিন্তু আমাদের বন্ধুত্ব, পারস্পরিক শ্রদ্ধা ও আত্মিক সম্পর্ক যেন কখনো বিভাজিত না হয়।

নির্বাচনে কেউ জয়ী হবেন, কেউ হবেন না; কিন্তু আমরা সবাই খুবি'য়ান, একই পরিবারের সদস্য।

আমি বিশ্বাস করি, নেতৃত্ব মানে একক কর্তৃত্ব নয়, সম্মিলিত দায়িত্ব। নির্বাচিত হওয়ার সুযোগ পেলে প্রতিদ্বন্দ্বী প্রার্থীসহ সকল খুবি'য়ানকে সঙ্গে নিয়ে কাজ করতে চাই। নির্বাচনের ফলাফল যা-ই হোক, প্রিয় সংগঠনের কল্যাণে আমার সহযোগিতা অব্যাহত থাকবে।

আসুন, ১০ নভেম্বর যোগ্যতা, অভিজ্ঞতা ও কর্মপরিকল্পনা বিবেচনা করে ভোট দিই। সম্মিলিত প্রচেষ্টায় গড়ে তুলি একটি আধুনিক, স্বচ্ছ

KUAA হোক আমাদের সবার, প্রতিটি খুবি'য়ানের আস্থা, ভালোবাসা ও আত্মার বন্ধন।
আমরা খুবি'য়ান, এক আত্মার বন্ধন।



শ্রদ্ধা ও ভালোবাসায়,

ফজলে রেজা সুমন

President Candidate · KUAA EC Election 2026